দৈনিক ইত্তেফাক

তারিখ 07 NOV 2017
পৃষ্ঠা ২০ কলাম ৫

# রাজধানীর বেসরকারি স্কুলে ভর্তি প্রক্রিয়া শুরু

■ নিজামুল হক

শিক্ষা মন্ত্রণালয় ভর্তি নীতিমালা জারি না করলেও বসে নেই রাজধানীর বেসরকারি স্কুলগুলো। ইতিমধ্যে রাজধানীর নামি প্রতিষ্ঠানগুলো ভর্তি প্রক্রিয়া শুরু করেছে। শিক্ষামন্ত্রী ও শিক্ষাসচিব দেশের বাইরে থাকায় নীতিমালার বিষয়ে সিদ্ধান্ত নিতে পারছেন না মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর। গত বছর ৭ নভেম্বর ভর্তি নীতিমালা জারি করেছিল শিক্ষা মন্ত্রণালয়।

২০১৮ শিক্ষাবর্ষের ভর্তি ফরম বিতরণ শুরু করেছে রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ। ২৫ অক্টোবর শুরু হয়ে চলবে ৯ নভেম্বর পর্যন্ত। জমা দিতে হবে ১২ থেকে ১৫ নভেম্বরের মধ্যে।

রাজধানীর মনিপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের পাঁচটি ক্যাম্পাসে শিক্ষার্থী ভর্তি করা হবে। ৪ নভেম্বর ফরম বিতরণ শুরু হয়েছে, চলবে ১৬ নভেম্বর পর্যন্ত। ফরম জমা দেওয়া যাবে ৬ নভেম্বর থেকে ১৮ নভেম্বর পর্যন্ত। মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে পৃষ্ঠা ২ কলাম ৩

## রাজধানীর বেসরকারি

২০ পৃষ্ঠার পর

১ নভেম্বর ভর্তি ফরম বিতরণ শুরু হয়েছে, চলবে ২৩ ডিসেম্বর পর্যন্ত। শহীদ পুলিশ স্মৃতি স্কুল অ্যান্ড কলেজে প্রথম শ্রেণিতে ভর্তি ফরম বিতরণ শুরু হবে ১১ নভেম্বর, চলবে ৩০ নভেম্বর পর্যন্ত।

ডেমরার শামসুল হক খান স্কুল অ্যান্ড কলেজে ভর্তি ফরম বিতরণ করা হবে ২০ নভেম্বর থেকে ২০ ডিসেম্বর পর্যন্ত। আর প্রথম শ্রেণির লটারি অনুষ্ঠিত হবে ২৫ ডিসেম্বর।

আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলে প্রথম শ্রেণিতে গত ১ নভেম্বর থেকে অনলাইনে ফরম বিতরণ শুরু হয়েছে, চলবে ৩০ নভেম্বর পর্যন্ত। শহীদ আনোয়ার গার্লস কলেজে নার্সারিতে ৫ নভেম্বর থেকে ভর্তি ফরম বিতরণ শুরু হয়েছে, চলবে ২৭ নভেম্বর পর্যন্ত। বি এ এফ শাহীন কলেজে শিশু শ্রেণিতে ২৮ অক্টোবর থেকে ভর্তি ফরম বিতরণ শুরু হয়েছে, চলবে ১৬ নভেম্বর পর্যন্ত। এছাড়া রাজধানীর ৩৫টি সরকারি স্কুলে ১ থেকে ১৪ ডিসেম্বর পর্যন্ত অনলাইনে ভর্তি আবেদন গ্রহণ করা হতে পারে বলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (মাউশি) অধিদপ্তর সূত্রে জানা গেছে।